দৈনিক খবর

তারিখ 16 SEP 1993
পৃষ্ঠা ... ৩ ... কলাম ৪ ...

# আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ও শোভাযাত্রা

মুন্সিগঞ্জ, ১৫ই সেপ্টেম্বর।— নিজস্ব সংবাদদাতা মোঃ শহীদুল্লাহ শহীদ জানান, গত ৮ই সেপ্টেম্বর মুন্সীগঞ্জে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হয়েছে।

এ উপলক্ষে সকাল ৯টায় মুন্সীগঞ্জ হাইস্কুল প্রাঙ্গণ হতে জেলা প্রশাসকের নেতৃত্বে এক বিরাট বর্ণাঢ্য মিছিল শহর প্রদক্ষিণ করে। মিছিলে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীসহ শিক্ষক-শিক্ষিকাগণ ব্যানার, ফেস্টুন ও প্লাকার্ড বহন করে।

সকাল ৯টায় মুন্সীগঞ্জ হাইস্কুল মিলনায়তনে জেলা প্রশাসক মোঃ জালাল উদ্দিনের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে অধ্যাপক হারাধন গাঙ্গুলীর রচনায় 'সবার জন্য শিক্ষা' মূল প্রবন্ধের উপর বক্তব্য রাখেন হরগংগা কলেজ অধ্যক্ষ মোঃ আবুল কাশেম, সহকারী অধ্যাপক হাওলাদার, আব্দুর রাজ্জাক, থানা নির্বাহী কর্মকর্তা এম এ লতিফ, পৌর চেয়ারম্যান মোঃ আব্দুল খালেক মাষ্টার, পুলিশ সুপার সাহেব আলী খন্দকার, মোঃ গোলাম মুস্তাফা, প্রঃ শিক্ষিকা রাশিদা বেগম ভাগ্য, প্রঃ শিক্ষক ফরহাদ হোসেন প্রমুখ।

অনুষ্ঠান শেষে ২শ' গরীব ছাত্র-ছাত্রীদেরকে শিক্ষা উপকরণ প্রদান করা হয়.

সবশেষে জেলা শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ কেন্দ্রের ছাত্র-ছাত্রীরা সাক্ষরতা দিবসের উপর ভিত্তি করে মনোজ্ঞ জারী গান ও নাটিকা পরিবেশন করে।

মির্জাপুর (টাংগাইল) থেকে কিসমত খোন্দকার জানান, যথাযোগ্য মর্যাদার সাথে মির্জাপুর থানা সদরে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে মির্জাপুর থানা সদরে একটি বিশাল সমাবেশ ও র‌্যালী অনুষ্ঠিত হয় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী ও শিক্ষকবৃন্দ র‌্যালীতে অংশগ্রহণ করে র‌্যালীটি মির্জাপুর সদরের বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করে।